তারাদের কথা
উত্তরবঙ্গ সংবাদ ১২ অক্টোবর ২০১৭ সাত

নতুন চেয়ারম্যান অনুপম খের

গজেন্দ্র চৌহানের পরিবর্তে ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট অফ ইন্ডিয়া (এফটিআইআই)-এর চেয়ারম্যান নির্বাচিত হলেন অনুপম খের। এই খবরে আপ্লুত মনোজ বাজপেয়ী, পরেশ রাওয়াল, মধুর ভান্ডরকর সহ গোটা বলিউড

বড়োদিনে বড়ো ছবির অপেক্ষায় বাঙালি দর্শক

এই প্রথম বাংলা ছবির পর্দাজুড়ে পৃথিবীর সবচেয়ে বড়ো রেন ফরেস্ট আমাজন। এই প্রথম বাংলা ছবিতে জলের নীচে অক্সিজেন মাস্ক নিয়ে দীর্ঘ সময় ধরে শুটিং। এই প্রথম ব্ল্যাক প্যান্থার, জাগুয়ার, ট্যারান্টুলা এবং অ্যানাকোন্ডার সঙ্গে লড়বে শংকর। এবং এই প্রথম কোনও বাংলা ছবি তৈরির ক্ষেত্রে দুই অঙ্কের বাজেট ছাড়িয়ে যাওয়া। 'চাঁদের পাহাড়'-এর সিক্যুয়েল 'আমাজন অভিযান'-এর জন্য কেন এত দীর্ঘ কিউ-তে দাঁড় করিয়ে রাখলেন পরিচালক কমলেশ্বর মুখোপাধ্যায়? কার সঙ্গে ঝুট, কার সঙ্গেই বা ঝামেলা? চোখা প্রশ্নে উপালি মুখোপাধ্যায়

দেব-এর অ্যানাকোন্ডা অভিযান

তারাদের কথা ঃ প্রথম অভিযান আফ্রিকায়। দ্বিতীয় অভিযান সাউথ আমেরিকায়। শংকর কি প্রবাসী বাঙালি?

কমলেশ্বর ঃ শংকরের স্রষ্টা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় নিজেই যে আন্তর্জাতিক মানের! শুধু 'চাঁদের পাহাড়' নয়, 'আরণ্যক'-এও তার ছাপ রয়েছে। না হলে আফ্রিকার উপর শুধু পড়াশোনা করে এরকম উপন্যাস লেখা সম্ভব? আর শংকর তো মনেপ্রাণে বাঙালি। যতই সাগরপারের অভিযানে যাক, ঘুরেফিরে কিন্তু নিজের বাড়ি ফিরে আসে।

তারাদের কথা ঃ আগের অভিযানে সিংহ, ব্ল্যাক মাম্বা, হাতি—অনেকের সঙ্গে লড়াই হয়েছিল। এবার কাদের সঙ্গে লড়বে শংকর?

কমলেশ্বর ঃ পৃথিবীর সবচেয়ে বড়ো রেন ফরেস্ট আমাজনে। অজস্র হিংস্র শ্বাপদও রয়েছে। যেমন, র‍্যাটেল স্নেক, ব্ল্যাক প্যান্থার, জাগুয়ার, ব্ল্যাক ক্যানন, ট্যারান্টুলা, মাটামাটা এবং অ্যানাকোন্ডা। এদের সবার সঙ্গে শংকরকে লড়তে দেখা যাবে।

তারাদের কথা ঃ এই অভিযানে শংকরের বিপরীতে নাকি নায়িকা থাকছেন? অভিযান আকর্ষণীয় করতেই কি রোমান্সের মশলা ছড়ালেন?

কমলেশ্বর ঃ (হেসে ফেলে) ট্রেলার দেখে অনেকেই এই প্রশ্ন করেছেন। আসলে, শংকরের সঙ্গে এবার অভিযাত্রীর সঙ্গে অভিযাত্রিনীও রয়েছেন। আমার মনে হয়েছে, অভিযানে কেন শুধু পুরুষরাই থাকবে। মেয়েরা যাবে না কেন? সেই কনসেপ্ট থেকে এই নতুনত্ব। ছবির বাকিটা আগের বারের মতোই। ছোটোদের নিয়ে স্বচ্ছন্দে দেখা যাবে।

তারাদের কথা ঃ 'চাঁদের পাহাড়' তৈরির সময়েই সিক্যুয়েলের কথা ভেবেছিলেন?

কমলেশ্বর ঃ ২০১৩-তে ছবিটা রিলিজের পর এসভিএফের পক্ষ থেকে শ্রীকান্ত মোহতা ফ্যাঞ্চাইজি বানানোর অনুরোধ করেছিলেন। আমিও ভাবলাম, হলে মন্দ হয় না!

তারাদের কথা ঃ সিক্যুয়েল বানাতে প্রায় চার বছর লেগে গেল! তারপরেও ছবিটি তৈরি হয়ে পড়ে থাকল একবছর...

কমলেশ্বর ঃ বিভূতিভূষণের পদাঙ্ক অনুসরণ করে 'আমাজন অভিযান'-এর গল্প বা চিত্রনাট্য লিখতে হয়েছে। আমি তো সাহিত্যিক বা গল্পকার নই। তাই পড়াশোনার পাশাপাশি অ্যামাজনে রেইকি করতে হয়েছে। তারপর শুট। গ্রাফিক্সের কাজ করতে হয়েছে ডিটেলে। এসবের জন্য সময় তো লাগবেই।

তারাদের কথা ঃ ইন্ডাস্ট্রিতে অন্য খবর। এসভিএফ-এর সঙ্গে মতবিরোধের জেরে ছবি তৈরি এবং রিলিজের জন্য এত সময় খরচ হয়েছে...

কমলেশ্বর ঃ এত বড়ো বাজেটের ছবি একমাত্র এসভিএফ-ই করতে পারে। ওদের আগ্রহেই 'চাঁদের পাহাড়'-এর সিক্যুয়েল তৈরি হচ্ছে। শ্রীকান্তের আপত্তি থাকলে ছবিটাই হত না। আপনাকে বোঝাতে পারলাম?

তারাদের কথা ঃ বাংলায় সম্ভবত এই প্রথম ১২ কোটি টাকা খরচ করে ছবি তৈরি হচ্ছে। ছবির বাজেট বেশি হলেই ব্যবসায়িক সাফল্য নিয়ে 'চাপ'-এ পড়ে যান প্রযোজক-পরিচালক। আপনারাও কি দুশ্চিন্তায় আছেন?

কমলেশ্বর ঃ খরচের অঙ্ক আমার জানা নেই। এটা ঠিক, চিন্তা বা চাপ একটু আছে। তারপরেও এই সাহসী পদক্ষেপ নেওয়ার জন্য শ্রীকান্তকে বাহবা দিতেই হবে। প্রথমবারের চাপ সামলে আবার এক পথে হেঁটেছেন। আর পরিচালক হিসেবে আমার পুঁজি, দর্শকের উপর ভরসা। সেই জোরেই হয়তো শংকরের পরের ইনস্টলমেন্ট বানাবো।

তারাদের কথা ঃ বাংলা ছবিতে এই প্রথম জলের নীচে অনেক দৃশ্য শুট হল। অভিজ্ঞতা কেমন?

কমলেশ্বর ঃ সত্যিই, এটা বিশাল অভিজ্ঞতা। জলে ক্যামেরা ডুবিয়ে নয়, জলের নীচে সেট তৈরি করে শুট হয়েছে। তার জন্য ক্যামেরায় ওয়াটারপ্রুফ কভার পরিয়ে জলের নীচে নেমে শুট করেছি। অক্সিজেন মাস্ক ছাড়া জলের নীচে কাজ ভীষণ কষ্টের। তাই শুটের সময় অভিনেতারা একাধিক মাস্ক থেকে অক্সিজেন নিয়ে টানা কাজ করে উঠে আসতেন। আবার জলের নীচে কথাবার্তা বলতেও খুব অসুবিধে। সংস্থার তরফে জলের নীচে আমাদের সঙ্গে থাকতেন বিষ্ণু। এমনও পরিস্থিতি হয়েছে, আমি সবার কথা শুনতে পাচ্ছি। আমার কথা কেউ শুনতে পাচ্ছে না! নিজের চোখে না দেখলে এই অভিজ্ঞতা বলে বোঝানো যাবে না।

তারাদের কথা ঃ 'চাঁদের পাহাড়', 'ককপিট', 'আমাজন অভিযান'—তিনটি ছবির নিরিখে পরিচালক কমলেশ্বরের চোখে কোন ধারার ছবিতে দেব বেশি স্বচ্ছন্দ?

কমলেশ্বর ঃ তিনটি ছবিই কিন্তু বাণিজ্যিক। একটিও প্যারালাল বা অন্য ধারার নয়। আবার তথাকথিত মশালামার্কাও নয়। তার থেকে একটু আলাদা। আমার মতে, তিনটিতেই দেব সফল। তবে 'ককপিট'-এ বেশি পরিণত।

তারাদের কথা ঃ ইংরেজি সহ একাধিক ভাষায় মুক্তি পাবে 'আমাজন অভিযান'। আন্তর্জাতিক অভিযানের জন্যই কি এই চিন্তাভাবনা?

কমলেশ্বর ঃ (অল্প হেসে) বলতে পারেন। এদেশের অনেক রাজ্যে এবং বিদেশে একসঙ্গে মুক্তি পাবে ছবিটি। তার জন্যেও ইংরেজি ভার্সান দরকার ছিল।

তারাদের কথা ঃ 'চাঁদের পাহাড়'-এর গল্প সবার জানা ছিল। ফলে, ছবি দেখার সময় উপন্যাসের সঙ্গে তুলনা চলেই এসেছে। 'আমাজন অভিযান'-এ সেই সমস্যা নেই। কমলেশ্বর কতটা খুলে খেললেন?

কমলেশ্বর ঃ প্রথমত, বাঙালি মাত্রেই বলেন, 'আমাদের চাঁদের পাহাড়'। কিন্তু কেনার সময় গোটা দক্ষিণ কলকাতা ঘুরেও বইটির খোঁজ পাইনি। দ্বিতীয়ত, বাঙালি ছবি দেখতে যাওয়ার সময় বলে, 'বই দেখতে যাচ্ছি।' এবং যথারীতি বইয়ের সঙ্গে রিল বইয়ের তুল্যমূল্য বিচারে বসে। তাই স্বীকার করতেই হবে, আগের ছবিতে সমালোচনার জায়গা ছিল। এবারে সেই অসুবিধে নেই। বিভূতিভূষণের ফ্লেভার রেখেই নিজের মতো ভাবনার স্বাধীনতা পেয়েছি। তা বলে এটাও ভাববেন না, গল্পের গোরু গাছে তুলেছি।

তারাদের কথা ঃ প্রতি বছর বড়োদিনে আমির খান সহ বলিউডের প্রথম সারির নায়কদের একাধিক ছবি মুক্তি পায়। গত বছর থেকে ওই লিস্টে কমলেশ্বর মুখোপাধ্যায়ের নাম জুড়েছে। জেনেবুঝে এই টক্কর?

কমলেশ্বর ঃ 'চাঁদের পাহাড়'-এর সময় আমির খানের 'ধুম থ্রি' রিলিজ করেছিল। তাতে বাণিজ্যিক দিক থেকে 'চাঁদের পাহাড়' খুব ক্ষতিগ্রস্ত হয়েছিল কি? আমিও তো আমির-অক্ষয়-সলমন-শাহরুখের ছবি দেখি। আর বাঙালিরা ছুটির বাজারে ভালো বাংলা ছবিই আগে দেখবে। এটুকু আশা রাখতেই পারি, কী বলেন!

তারাদের কথা ঃ 'আমাজন অভিযান'-এর পর কমলেশ্বর মুখোপাধ্যায়ের পরের ভেঞ্চার?

কমলেশ্বর ঃ 'গুড নাইট সিটি' নামে একটি ছবি করছি। মুখ্য চরিত্রে থাকবেন ঋত্বিক চক্রবর্তী, ঋতুপর্ণা সেনগুপ্ত, শাশ্বত চট্টোপাধ্যায়। প্রযোজনায় এন আর দত্ত। ব্যস, এখন এর বেশি আর নয়।

কঙ্গনা নিয়ে রটনা
ইতি চাইছেন হৃতিক

কঙ্গনার আক্রমণে আহত হৃতিক আগেই মুখ খুলেছিলেন। এবার আরও পরিশীলিত পথে এই যুদ্ধের মোড় ঘোরালেন। নিজের ফেসবুকে বন্ধু, সহকর্মী ও ফ্যানদের ধন্যবাদ জানিয়েছেন এই বিতর্কে তাঁর পাশে দাঁড়ানোর জন্য। তার সঙ্গে স্পষ্ট বলেছেন তাঁকে সমর্থনের দরকার নেই। বস্তুত, কারওর পাশেই দাঁড়াতে তিনি বারণ করেছেন।বলেছেন, 'এটা একটা অ্যাক্সিডেন্ট ছিল। যখন থেকে এই ইস্যুটা নিয়ে কথা চালা-চালি শুরু হল, সাধারণ বিষয়ই পুরুষ-নারী, ইনসাইডার-আউটসাইডার, সুবিধাভোগী-সুবিধাভোগী নয়—এরকম নানা ভাগে ভাগ হয়ে মিডিয়ার খাদ্য হয়ে গেল।আমি চাই এই পরিস্থিতির অবসান হোক কোর্টে, অবশ্যই পুরো ঘটনার প্রকৃত পুলিশি তদন্তের পর।'

তাঁর মতে, মিডিয়া আমাদের সমাজের এক অপরিহার্য অংশ এবং তাঁদের কর্তব্য সম্বন্ধে তিনি জ্ঞান দেবার কেউ নন।তিনি মিডিয়া থেকে প্রচুর সাহায্য পেয়েছেন। তবু যে কোনও বিষয়কে ইস্যু বানিয়ে কাগজ বিক্রি বা চ্যানেলের টিআরপি বাড়ানোর এই চেষ্টা কখনওই সমর্থনযোগ্য নয়। প্রসঙ্গত, এই বিষয়ে ফারহান আখতার, ইয়ামি গৌতম সকলে হৃতিককেই সমর্থন করেছেন।

দীর্ঘদিন চুপ করে থাকার পর নায়কের এই 'ঠান্ডা' প্রতিবাদের প্রতিক্রিয়া হিসেবে কঙ্গনা এবার কী বলেন, এখন সেটাই দেখার!

আদনান-ওমর বিতর্ক

বরাবরই ভারতকে ভালোবেসেছেন। এখানে থাকতেও চেয়েছেন। সম্প্রতি ভারতের নাগরিকত্ব নিয়েছেন। তারপরই কাশ্মীরে একটি কনসার্টে গিয়েছিলেন এবং তাতে জড়িয়ে পড়লেন বিতর্কে, খোদ প্রাক্তন মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লার সঙ্গে! রিদম ইন প্যারাডাইস-আয়োজিত একটি মিউজিক্যাল কনসার্ট হয়ে গেল শের-ই-কাশ্মীর কনভেনশন এর লনে, ডাল লেকের ধারে। প্রথমে ভিড় হয়নি দেখে ওমর টুইট করেন 'খারাপ লাগছে হলের অবস্থা দেখে, তবে আশা করি এরপর নিশ্চয় হল ভরে যাবে!' নিঃসন্দেহে ব্যঙ্গ! আদনান এরপর ভরতি হলের ছবি পোস্ট করে রি-টুইট করেন এই বলে, 'একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী হিসেবে এরকম মন্তব্য করা আপনার উচিত নয়! এটা একটা গানের অনুষ্ঠানই শুধু নয়, এই অনুষ্ঠান শান্তি আর সম্প্রীতির জন্য।' আদনান আরও লেখেন 'কাশ্মীর খুব শান্ত, সুন্দর, কিন্তু কেউ কেউ এর শান্তি নষ্ট করতে চায়!' এভাবেই বিতর্ক চলতে থাকে। দু-জন পরিণত মনের এবং সামাজিক অবস্থানের মানুষ কীভাবে এইকরম হাস্যকর জায়গায় নিজেদের নিয়ে যেতে পারেন, এই টুইট-যুদ্ধ তার প্রমাণ। শেষ পর্যন্ত রণে ভঙ্গ দেন ওমরই। লেখেন,' কনসার্টের জন্য শুভেচ্ছা। কাশ্মীর উপভোগ করুন।' আদনানও লেখেন 'দেরিতে হলেও বুঝলেন, ধন্যবাদ।'

বলিউড বোলচাল

শর্মিলার সম্মান

দুবার জাতীয় পুরস্কার এবং পদ্মভূষণে ভূষিত অভিনেত্রী শর্মিলা ঠাকুর, ১৯ তম জিও মামি (মুম্বই অ্যাকাডেমি অফ মুভিং ইমেজ)মুম্বই ফিল্ম ফেস্টিভ্যাল ভারতীয় সিনেমায় তাঁর বিশেষ অবদানের জন্য তাঁকে সম্মানিত করবে। ১২ অক্টোবর ফেস্টিভ্যালের উদ্‌বোধনের দিন তাঁকে এই সম্মান জানানো হবে। শর্মিলা ১৯৫৯-এ ,সত্যজিৎ রায়ের 'অপুর সংসার' ছবিতে প্রথম আত্মপ্রকাশ করেন। তিনি বেশ কিছুদিন সেন্সর বোর্ডের চেয়ারপার্সন ছিলেন।



রেকর্ডে পদ্মাবতীর ট্রেলর

সদ্য মুক্তি পেয়েছে সঞ্জয় লীলা বনশালীর মেগা প্রোজেক্ট 'পদ্মাবতী'র ট্রেলর। মুক্তি পাওয়া মাত্র রেকর্ড সৃষ্টি করেছে ট্রেলরটি। মাত্র ২৪ ঘন্টায় সবচেয়ে বেশি দর্শক দেখে ফেলেছেন। পিছনে ফেলে দিয়েছে বাকি ছবিগুলিকে। উচ্ছ্বসিত বলি তারকারাও। অমিতাভ বচ্চন, আলিয়া ভাট, হৃতিক রোশন, সোনাক্ষী সিনহা, অনুষ্কা শর্মা প্রমুখ ঢালাও প্রশংসা করেছেন। 'পদ্মাবতী'র দুই অভিনেতা শাহিদ কাপুর ও রণবীর সিং স্বভাবতই খুশি। দর্শকদের ধন্যবাদ দিতে ভোলেননি তাঁরা।

সলমনের পাশে ববি

সইফ আলি খানকে সরিয়ে সলমন খান জুড়ে গেছেন 'রেস' সিরিজের তৃতীয় ছবির সঙ্গে। এর মধ্যে প্রযোজক রমেশ তরানি জানিয়েছেন, 'রেস ৩'-এ সলমনের পাশে দেখা যাবে ববি দেওলকেও। এর আগেও আমি কাজ করেছি ববির সঙ্গে। 'সোলজার' এবং 'নকাব'-এ আমাদের কাজের অভিজ্ঞতাও দারুণ। সেই ধারা আশাকরি বজায় থাকবে। ছবিতে সলমন এবং ববি ছাড়াও থাকছেন 'কিক' নায়িকা জ্যাকলিন ফার্নান্ডেজ।

নজরে ৫

'রবিন উইলিয়ামস' বচ্চন!

প্রয়াত হলিউড তারকা রবিন উইলিয়ামসের জনপ্রিয় কমেডি 'লাইসেন্স টু ওয়েড' হিন্দিতে রিমেক হতে চলেছে। নাম ভূমিকায় অভিনয় করবেন অমিতাভ বচ্চন। রবিন উইলিয়ামসের হলিউড কমেডি 'মিসেস ডাউটফায়ার'-এর হিন্দি রিমেক 'চাচি ৪২০'-এ মুখ্য চরিত্রে ছিলেন কমল হাসান।

অক্ষয়-করণ জুটি

করণ জোহর এবং অক্ষয় কুমার শেষ পর্যন্ত গাঁটছড়া বাঁধলেন। সারগারহির যুদ্ধের উপর তাঁরা ছবি বানাচ্ছেন, নাম 'কেশরী'। একসঙ্গে কাজ করলেও, এই প্রথম তাঁরা যৌথভাবে ছবি প্রযোজনা করছেন। এর আগে শাহরুখের সঙ্গে জুটি বেঁধে ছবি প্রযোজনা করেছেন করণ।

সলমনের বিরুদ্ধে এফআইআর

'বিগ বস ১১'-র প্রতিযোগী জুবেইর খান শো-এর হোস্ট সুপারস্টার সলমন খানের বিরুদ্ধে লোনাভালা পুলিশ স্টেশনে এফআই আর করেছেন। অভিযোগ, সলমন তাঁকে ক্রমাগত হুমকি দিয়েছেন! বলেছেন, শো-এ ফিরবেন, তবে সল্লুকে ক্ষমা চাইতে হবে।

'তুমহারি সুলু' এগোল

কথা ছিল ডিসেম্বরে রিলিজ করবে। কিন্তু 'পদ্মাবতী' আর '১০১ নট আউট' পথের কাঁটা হয়ে দাঁড়ানোয় 'তুমহারি সুলু' রিলিজ হচ্ছে ২৪ নভেম্বর। ছবিতে বিদ্যা বালন রেডিয়ো জকির ভূমিকায়।

জুটি বাঁধছেন আমির-প্রিয়াঙ্কা

এই প্রথম স্ক্রিন শেয়ার করছেন আমির খান এবং প্রিয়াঙ্কা চোপড়া। মহাকাশচারী রাকেশ শর্মার বায়োপিক 'স্যালুট'-এ স্বামী-স্ত্রীর চরিত্রে দেখা যাবে তাঁদের। প্রসঙ্গত, কল্পনা চাওলার বায়োপিকে নাম ভূমিকায় অভিনয় করবেন প্রিয়াঙ্কা।ছবির পরিচালক মহেশ মাথানি।

টিম 'তারাদের কথা' উপালি মুখোপাধ্যায়, অভিসা চ্যাটার্জি, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, রমাপদ পাহাড়ি